

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

জরিপ অধিশাখা-১

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[www.minland.gov.bd](http://www.minland.gov.bd)

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৩৬.১৩.০৪২.১৮.১৮৫

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
০৮ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

প্রাপক : উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা  
পলাশবাড়ী, গাইবান্ধা।

বিষয় : জনাব আবু জাকারিয়া হোসেন, প্রাক্তন সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, পলাশবাড়ী, গাইবান্ধা, রংপুর জোন-এর সংশোধিত আনুতোষিক ও পারিবারিক অবসর ভাতা মঞ্জুরি।

সূত্র : (১) ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের স্মারক নম্বর : ৩১.০৩.০০০০.০০২.১৩.০৮৩.১৮.৩২৯ ; তারিখ : ০৮/০৮/২০২৩ খ্রি।

(২) অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের স্মারক নম্বর : ০৭.০০.০০০০.১৬১.৩১.০০৭.১২.৩৪১, তারিখ : ২৬/১১/২০১৯ খ্রি।

(৩) ভূমি মন্ত্রণালয়ের জরিপ-১ শাখার স্মারক নম্বর : ৩১.০০.০০০০.০৩৬.১৩.০৪২.১৮-৩৬৪; তারিখ : ২৬/০৮/২০১৮ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব আবু জাকারিয়া হোসেন, প্রাক্তন সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, পলাশবাড়ী, গাইবান্ধা জোন ১১/১২/২০১৭ তারিখ চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করেন। এই মন্ত্রণালয়ের ২৬/০৮/২০১৮ তারিখের ৩১.০০.০০০০.০৩৬.০১৩.০৪২.১৮-৩৬৪ নম্বর স্মারকে তার আনুতোষিক ও পারিবারিক অবসর ভাতা মঞ্জুর করা হলে হিসাবরক্ষণ অফিস হতে তার মূল বেতন ৩২,৩৯০/- টাকার উপর ৯০% হারে মাসিক অবসর ভাতা ১৪,৫৭৫.৫০ (চৌদ্দ হাজার পাঁচশত পচাত্তর দশমিক পাঁচশূন্য) টাকা এবং এককালীন আনুতোষিক বাবদ ৩৩,৫২,৩৬৫/- (তেতত্রিশ লক্ষ বায়ান্ন হাজার তিনশত পয়ষট্টি) টাকা অবসর ভাতা ও আনুতোষিক তার স্ত্রী মোছা: লাভলী হোসেন কর্তৃক উত্তোলন করা হয়েছিল।

২। উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত ২ ও ৩ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে জনাব আবু জাকারিয়া হোসেন, প্রাক্তন সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, পলাশবাড়ী, গাইবান্ধা উন্নীত বেতন স্কেল প্রাপ্ত হওয়ায় উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, পলাশবাড়ী, গাইবান্ধা কর্তৃক বেতন পুনঃনির্ধারণ পূর্বক সংশোধিত প্রত্যাশিত শেষ বেতন সনদ (ইএলপিসি) জারি করায় তার মূল বেতন ৪২,৮৯০/- (বিয়াল্লিশ হাজার আটশত নব্বই) টাকার উপর নির্ধারিত ৯০% হার অনুযায়ী আনুতোষিক বাবদ এককালীন ৪৪,৩৯,১১৫/- (চুয়াল্লিশ লক্ষ উনচল্লিশ হাজার একশত পনের) টাকা এবং বিধি মোতাবেক মাসিক অবসর ভাতা ১৯,৩০০.৫০ (উনিশ হাজার তিনশত দশমিক পাঁচশূন্য) টাকা প্রাপ্য। পূর্বে উত্তোলিত আনুতোষিক বাদে (৪৪,৩৯,১১৫ - ৩৩,৫২,৩৬৫) = ১০,৮৬,৭৫০/- (দশ লক্ষ ছিয়াশি হাজার সাতশত পঞ্চাশ) টাকা আনুতোষিক ও পারিবারিক অবসর ভাতা মঞ্জুরি সচিব, ভূমি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়েছে।

৩। জনাব আবু জাকারিয়া হোসেন, প্রাক্তন সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, পলাশবাড়ী, গাইবান্ধা, রংপুর জোন ১১/১২/২০১৭ তারিখ চাকরিরত অবস্থায় মৃত্যুবরণ করায় তার স্ত্রী মোছা: লাভলী হোসেন এর অনুকূলে সংশোধিত বকেয়া আনুতোষিক ও বিধি মোতাবেক মাসিক পারিবারিক অবসর ভাতা ১১/১২/২০১৭ তারিখ হতে প্রদানের মঞ্জুরি আদেশ নির্দেশক্রমে প্রদান করা হল।

৪। জনাব আবু জাকারিয়া হোসেন-এর স্ত্রী মোছা: লাভলী হোসেন-এর অনুকূলে বকেয়া আনুতোষিক ও বিধি মোতাবেক মাসিক অবসর ভাতা মঞ্জুরের লক্ষ্যে প্রাপ্ত কাগজাদি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এইসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি : মূল পিপি বইসহ ২২ (বাইশ) ফর্দ।

স্বাক্ষরিত

(এস.এম. জাহাঙ্গীর হোসেন)

উপসচিব (জরিপ-১)

ভূমি মন্ত্রণালয়

ফোন: ৫৫১০০০৪৮


E-Mail: [survey1@minland.gov.bd](mailto:survey1@minland.gov.bd)

স্মারক নম্বর: ৩১.০০.০০০০.০৩৬.১৩.০৪২.১৮-১৮৫/১(৯)

তারিখ: ২৩ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ  
০৮ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ২। জোনাল সেটেলমেন্ট অফিসার, রংপুর।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ভূমি মন্ত্রণালয়, ৭১, পুরানা পল্টন, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, পলাশবাড়ী, গাইবান্ধা।
- ৭। মোহা : লাভলী হোসেন, স্বামী মৃত : আবু জাকারিয়া হোসেন, প্রাক্তন সহকারী সেটেলমেন্ট অফিসার, উপজেলা সেটেলমেন্ট অফিস, পলাশবাড়ী, গাইবান্ধা (বর্তমান ঠিকানা :গ্রাম- পূর্ব বাবু খাঁ (মাস্টার পাড়া), ডাকঘর-বাবু খাঁ, থানা-কোতয়ালী, জেলা-রংপুর)।
- ৮। অতিরিক্ত সচিব (জরিপ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৯। অফিস কপি/ মাস্টার কপি, ভূমি মন্ত্রণালয়।

  
(এস.এম. জাহাঙ্গীর হোসেন)  
উপসচিব (জরিপ-১)